

ড. ইয়াহিয়া মাহমুদ বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) এর মহাপরিচালক পদে গত ১৮-০২-২০১৬ তারিখ অপরাহ্নে যোগদান করেন। উক্ত পদে যোগদানের পূর্বে তিনি ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও অর্থ) পদে কর্মরত ছিলেন। তাছাড়া, ইতোপূর্বে তিনি ইনস্টিটিউটের ময়মনসিংহস্থ স্বাদুপানি কেন্দ্র, বাগেরহাট চিংড়ি গবেষণা কেন্দ্র এবং চাঁদপুরস্থ নদী কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন।

ড. ইয়াহিয়া মাহমুদ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে ১৯৮৪ সালে মৎস্য বিজ্ঞানে স্নাতক এবং ১৯৮৫ সালে মৎস্য চাষ ও ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৮৮ সালের ৯ ফেব্রুয়ারী বৈজ্ঞানিক কর্মকর্তা পদে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটে যোগদান করেন। অতঃপর জাপান সরকারের মনবুসো (Monbusho) বৃত্তি নিয়ে জাপানের নাগসাকি বিশ্ববিদ্যালয় হতে ২০০০ সালে মৎস্য বিজ্ঞানে (Food Hygiene) পিএইচডি ডিগ্রী ও ২০০৩ সালে JSPS (Japan Society for The Promotion of Science) বৃত্তি নিয়ে পোস্ট ডক্টরেট করেন।

তিনি বাগেরহাটস্থ চিংড়ি গবেষণা কেন্দ্র স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে উক্ত কেন্দ্র প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ অবদান রাখেন এবং ২০১০ সালে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উক্ত কেন্দ্রটি উদ্বোধন করা হয়। দেশ/বিদেশের বিভিন্ন জার্নাল/সাময়িকীতে তাঁর ৮৫টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। মৎস্য বিষয়ে তিনি এখনো বিভিন্ন জাতীয় দৈনিক/সাময়িকীতে নিয়মিত লেখালেখি করেন। তিনি ছাত্র জীবনে সাংবাদিকতার সাথে জড়িত ছিলেন।

পেশাগত বিভিন্ন সভা/প্রশিক্ষণ/কর্মশালায় অংশগ্রহণের জন্য তিনি ফ্রান্স, অস্ট্রেলিয়া, ইতালী, নেদারল্যান্ড, জাপান, দক্ষিণ কোরিয়া, মালয়েশিয়া, ফিলিপাইন, ভারত, নেপাল, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, চীন, ভিয়েতনাম, জার্মানী, বেলজিয়াম, লুক্সেমবার্গ ও শ্রীলংকা ভ্রমণ করেছেন।

বিভিন্ন সামাজিক ও পেশাজীবী সংগঠনের সাথে তিনি জড়িত। তিনি কৃষিবিদ ইনস্টিটিউটের আজীবন সদস্য। তিনি বাংলাদেশ একাডেমি অব এগ্রিকালচার (BAAG) এর একজন ফেলো। তাঁর জন্মস্থান ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলার সৈয়দ ভাকুরী (শেখ বাড়ী) গ্রামে। তাঁর স্ত্রী ড. মোহসেনা বেগম তনু একই ইনস্টিটিউটের সদর দপ্তরের গবেষণা ও ব্যবস্থাপনা বিভাগে মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা পদে কর্মরত আছেন। তিনি ২(দুই) সন্তানের জনক।